

## ভর্তি

# প্রকৌশল গুচ্ছের ভর্তির আবেদন শুরু ৬ জুন, পরীক্ষা ৬ আগস্ট

প্রথম আলো ডেস্ক



ছবি : সংগৃহীত

প্রকৌশল গুচ্ছের অধীনে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রয়েট), চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) ও খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ২০২১-২২ শিক্ষাবর্ষে ভর্তির অনলাইন আবেদন শুরু হবে ৬ জুন থেকে। চলবে ১৯ জুন বিকেল ৫টা পর্যন্ত। আর সমন্বিত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ৬ আগস্ট।

প্রকৌশল গুচ্ছের সমন্বিত ভর্তি পরীক্ষা কমিটি গণমাধ্যম ও ওয়েবসাইটে দেওয়া এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানিয়েছে।

By using this site, you agree to our Privacy Policy. OK

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এবার চুয়েটে মোট আসন সংখ্যা ৯৩১। এর মধ্যে সংরক্ষিত আসন আছে ১১টি। কুয়েটে মোট আসন সংখ্যা ১০৬৫। এর মধ্যে সংরক্ষিত আসন আছে ৫টি। আর রুয়েটে মোট আসন সংখ্যা ১২৩৫। এর মধ্যে সংরক্ষিত আসন আছে ৫টি। তিন বিশ্ববিদ্যালয়ে সর্বমোট আসন আছে ৩২৩১টি।

#### বিজ্ঞাপন

যোগ্য আবেদনকারীর মধ্য থেকে উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজি বিষয়ের মোট প্রাপ্ত গ্রেড পয়েন্ট ও নম্বরের ভিত্তিতে প্রথম ৩৩ হাজার প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে। গ্রেড পয়েন্ট একই হলে পর্যায়ক্রমে পদার্থবিজ্ঞান, রসায়ন, ও গণিতের মোট নম্বর, পদার্থবিজ্ঞান ও রসায়নের মোট নম্বর, পদার্থবিজ্ঞানের নম্বর ও রসায়নের নম্বরের ভিত্তিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে।

#### আবেদন পদ্ধতি

চুয়েট, কুয়েট ও রুয়েটের সমন্বিত ভর্তি পরীক্ষার [ওয়েবসাইটে](#) আবেদন করতে হবে। ভর্তিসংক্রান্ত যেকোনো তথ্য এই [ওয়েবসাইটে](#) বা এই [লিংক](#) থেকে জেনে নিতে হবে।

#### আবেদন ফি

ক গ্রুপের ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য সার্ভিস চার্জসহ ১২০০ টাকা এবং খ গ্রুপের ইঞ্জিনিয়ারিং বিভাগ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগের জন্য সার্ভিস চার্জসহ ১৩০০ টাকা আবেদন ফি জমা দিতে হবে।

#### আবেদন ও পরীক্ষা

অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু হবে ৬ জুন সকাল ১০টা থেকে। চলবে ১৯ জুন বিকেল ৫টা পর্যন্ত। অনলাইনে আবেদন ফি প্রদানের শেষ সময় ২০ জুন বিকেল পাঁচটা পর্যন্ত।

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের রোল নম্বর ও পরীক্ষাকেন্দ্রসহ নামের তালিকা প্রকাশ করা হবে। আগামী ৪ জুলাই।

#### ভর্তি পরীক্ষার তারিখ ও সময়

গ্রুপ ক ও গ্রুপ খ-এর জন্য গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়ন বিষয়ে (২০২১ সালে অনুষ্ঠিত উচ্চমাধ্যমিক পরীক্ষার সংক্ষিপ্ত পাঠ্যসূচি অনুযায়ী) এবং ইংরেজির (Functional English) ওপর এমসিকিউ পদ্ধতিতে এবং গ্রুপ খ-এর স্থাপত্য বিভাগের জন্য অতিরিক্ত মুক্তহস্ত অংকন পরীক্ষা অনুষ্ঠিত হবে। ক গ্রুপের পরীক্ষা ৬ আগস্ট সকাল ১০টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। এবং খ গ্রুপের পরীক্ষা ওই দিন সকাল ১০টা থেকে বেলা পৌনে দুইটা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মেধাস্থান অনুযায়ী মেধাতালিকা প্রকাশ, বিশ্ববিদ্যালয় ও বিভাগ পছন্দ প্রদানের নির্দেশনা, ভর্তির নিয়মাবলি ও ভর্তির তারিখ প্রকাশ করা হবে আগামী ২৩ আগস্ট।

By using this site, you agree to our Privacy Policy. OK



---

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ২০২২ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy. OK